

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৪১৭(আগরতলা ১।১)

তেলিয়ামুড়া, ১ জানুয়ারি, ২০২৪

পরিবেশবান্ধব ক্যারিব্যাগ তৈরির উপর প্রশিক্ষণ কর্মশালা

পরিবেশবান্ধব ক্যারিব্যাগ তৈরির উপর একদিনের প্রশিক্ষণ কর্মশালা সম্প্রতি মুঙ্গিয়াবাড়ি দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের উদ্যোগে অনুষ্ঠিত হয়। সহায়তায় ছিল ত্রিপুরা রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্যদ। কর্মশালা উপলক্ষে বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের কমলপুর মহকুমার জয়রাম এন্টারপ্রাইজের ক্যারিব্যাগ তৈরির কারখানায় নিয়ে যাওয়া হয়। সেখানে প্রস্তুতকারক সংস্থার পক্ষ থেকে পরিবেশবান্ধব ক্যারিব্যাগ তৈরির প্রক্রিয়া সম্পর্কে বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের অবগত করা হয়। সংশ্লিষ্ট বিদ্যালয়ের অধ্যক্ষ মনোজ দেববর্মা বলেন, এ ধরনের পরিবেশ বান্ধব ক্যারিব্যাগ ব্যবহারের মাধ্যমে প্লাস্টিকজাত দূষণ অনেকটা হ্রাস করা সম্ভব হবে। এই প্রশিক্ষণ কর্মশালায় বিদ্যালয়ের অন্যান্য শিক্ষক-শিক্ষিকাগণও অংশ গ্রহণ করেন।
